

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৯৬২(আগরতলা ২৬।০২)

উদয়পুর, ২৬ ফেব্রুয়ারি, ২০২৪

উদয়পুরে সামাজিক আধিকারিতা শিবির

প্রধানমন্ত্রী বিকশিত ভারত গঠনের উদ্যোগ নিয়েছেন : কেন্দ্রীয় সামাজিক ন্যায় প্রতিমন্ত্রী

উদয়পুর রাজর্ষি হলে আজ সামাজিক আধিকারিতা শিবির অনুষ্ঠিত হয়। প্রদীপ জ্বালিয়ে শিবিরের উদ্বোধন করেন সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন মন্ত্রকের প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক। শিবিরের উদ্বোধন করে তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গঠনের উদ্যোগ নিয়েছেন। ২০১৪ সাল পর্যন্ত দেশে ৬টি এইমস ছিল। বর্তমানে ১৮টি এইমস হয়েছে। স্বাস্থ্য ব্যবস্থার সার্বিক উন্নয়নের জন্য কাজ চলছে। ত্রিপুরায় আন্তর্জাতিকমানের ল্যাবরেটরি গড়ে তোলা হবে। যেখানে ১৪৭ রকমের পরীক্ষা হবে। তিনি বলেন, ৪১ হাজার কোটি টাকা ব্যয়ে দেশের রেলওয়ের আধুনিকীকরণের কাজ চলছে। আগরতলা থেকে বাংলাদেশ হয়ে খুব সহজে কোলকাতা যাওয়া যাবে। কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্প রূপায়ণের মধ্যদিয়ে সমাজের সকলস্তরের মানুষের সার্বিক উন্নয়নের জন্য কেন্দ্রীয় ও রাজ্য সরকার কাজ করছে। তিনি বলেন, মায়েদের স্বনির্ভর করার জন্য স্বসহায়ক দল গঠন ও তাদের ঋণের ব্যবস্থা করা হচ্ছে। তিনি বলেন, দিব্যাঙ্গজনদের কল্যাণে কেন্দ্রীয় সরকার বিভিন্ন প্রকল্প রূপায়ণ করছে।

অনুষ্ঠানে সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া বলেন, আত্মনির্ভর ভারত গড়ে তোলার জন্য স্বসহায়ক দলের মাধ্যমে মায়েদের রোজগারের আওতায় আনার জন্য ঋণের ব্যবস্থা করা হয়েছে। স্বাস্থ্য পরিষেবার উন্নয়নের জন্য কাজ চলছে। অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন বিধায়ক অভিষেক দেবরায়। স্বাগত বক্তব্য রাখেন গোমতী জেলার জেলাশাসক তডিৎ কান্তি চাকমা। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়ক জীতেন্দ্র মজুমদার, উদয়পুর পুর পরিষদের চেয়ারপার্সন শীতল চন্দ্র মজুমদার প্রমুখ। এদিন উপস্থিত অতিথিগণ দিব্যাঙ্গজনদের হাতে বিভিন্ন যন্ত্রপাতি তুলে দেন। কেন্দ্রীয় প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক আজই কাকড়াবন সামাজিক স্বাস্থ্য কেন্দ্রের ইনচার্জের হাতে অ্যান্ডুলেন্স তুলে দেন।

\*\*\*\*\*